

## ■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫৯০০ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৩০৭]

৮৮। ফায়লাত (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ১১. নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বীরত্ব ও যুদ্ধে অগ্রগামী

بَابِ فِي شَجَاعَةِ النَّبِيِّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتَقْدِيمِهِ لِلْحَرْبِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى التَّمِيمِيُّ، وَسَعِيدُ بْنُ مَصْوُرٍ، وَأَبُو الرَّبِيعِ الْعَتَكِيُّ، وَأَبُو كَامِلٍ -  
وَاللَّفْظُ لِيَحْيَى - قَالَ يَحْيَى أَخْبَرَنَا وَقَالَ الْآخْرَانِ، حَدَّثَنَا - حَمَادُ بْنُ زَيْدٍ، عَنْ ثَابِتٍ،  
عَنْ أَنَّسِ بْنِ مَالِكٍ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحْسَنَ النَّاسِ وَكَانَ  
أَجْوَدَ النَّاسِ وَكَانَ أَشْجَعَ النَّاسِ وَلَقَدْ فَزَعَ أَهْلُ الْمَدِينَةِ ذَاتَ لَيْلَةٍ فَانْطَلَقَ نَاسٌ قَبْلَ  
الصَّوْتِ فَتَلَاقَهُمْ رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَاجِعًا وَقَدْ سَبَقَهُمْ إِلَى الصَّوْتِ وَهُوَ  
عَلَى فَرَسٍ لَأَيِّ طَلْحَةَ عُرْزِي فِي عُنْقِهِ السَّيْفُ وَهُوَ يَقُولُ "لَمْ تُرَاعُوا لَمْ تُرَاعُوا". قَالَ "  
وَجَدْنَاهُ بَحْرًا أَوْ إِنَّهُ لَبَحْرٌ". قَالَ وَكَانَ فَرَسًا يُبَطَّأُ .

বাংলা

৫৯০০-(৪৮/২৩০৭) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া তামীমী, সাইদ ইবনু মানসূর, আবু রাবী' আতাকী ও আবু কামিল (রহঃ) ..... আনাস ইবনু মালিক (রাযঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সব লোকের মাঝে অতি সুন্দর, অতি দানশীল এবং শ্রেষ্ঠ বীর ছিলেন। কোন এক রাত্রে মদীনাবাসীরা ভীত হয়ে পড়েছিল। অতঃপর যেদিক থেকে শব্দ আসছিল, লোকেরা সেদিকে ছুটে চলল। রাত্তায় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে তাদের দেখা হয়, তখন তিনি ফিরে আসছিলেন। কারণ শব্দের দিকে প্রথম তিনিই দৌড়ে গিয়েছিলেন। তখন তিনি আবু তালহাহ (রাযঃ) এর গদিবিহীন ঘোড়ায় চড়ে ছিলেন। তার কাঁধে তলোয়ার ছিল। তিনি বলছিলেন, তোমরা শক্তি হয়ে না, তোমরা শক্তি হয়ে না। তিনি আরো বললেনঃ আমি এ ঘোড়াকে পেয়েছি সমুদ্রের মতো। কিংবা বললেন, এ তো সমুদ্র। ইতোপূর্বে এ ঘোড়ার গতি ছিল ক্ষীণ। (ইসলামিক ফাউন্ডেশন ৫৮০১, ইসলামিক সেন্টার ৫৮৩৫)

**English**

Anas b. Malik reported that Allah's Messenger (ﷺ) was the sublimest among

people (in character) and the most generous amongst them and he was the bravest of men. One night the people of Medina felt disturbed and set forth in the direction of a sound when Allah's Messenger (ﷺ) met them on his way back as he had gone towards that sound ahead of them. He was on the horse of Abu Talha which had no saddle over it, and a sword was slung round his neck, and he was saying:

There was nothing to be afraid of, and he also said: We found it (this horse) like a torrent of water (indicating its swift-footedness), whereas the horse had been slow before that time.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=52997>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন